৫০১১৯

# বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

**প্রধান কার্যালয়**

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ।

ডেট ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট

ডিএমডি সার্কুলার লেটার নং- ১২/২০২৫

১৬ শ্রাবণ ১৪৩২

তারিখ: ---------------------

৩১ জুলাই ২০২৫

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

**১০ (দশ) লক্ষ টাকার অধিক মেয়াদী আমানত খোলায় ও বহাল রাখতে এবং সঞ্চয়পত্রে বিনিয়োগের ক্ষেত্রে আয়কর রিটার্ন দাখিল প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে জাতীয় সঞ্চয় অধিদপ্তরের ২০ জুলাই, ২০২৫ তারিখের পত্র নং ০৮.০৪.০০০০.০১২.৩১.০০৫.১৪.২৮৩০ এর সূত্রে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ হতে গেজেট আকারে জুন ০২, ২০২৫ তারিখে প্রকাশিত অধ্যাদেশে ২০২৩ সনের ১২ নং আইনের ধারা ২৬৪ এর উপ-ধারা (৩) এর ২২ নং ক্রমিকে সঞ্চয়পত্রে বিনিয়োগ সংক্রান্ত প্রতিস্থাপিত বিষয়টি আপনাদের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

সংযুক্তি: বর্ণনা মোতাবেক (০৪ পাতা)।

(ইস্তেকমাল হোসেন)
পরিচালক (ডিএমডি)
ফোন: ৯৫৩০১৩১
ই-মেইল: istequemal.hussain@bb.org.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় সঞ্চয় অধিদপ্তর
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
এনএসসি টাওয়ার (১৮তলা)
৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০
www.nationalsavings.gov.bd

নং- ০৮.০৪.০০০০.০১২.৩১.০০৫.১৪.২৮৩০ তারিখঃ ০৫ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ / ২০ জুলাই ২০২৫ খ্রিস্টাব্দ

বিষয়ঃ ১০ (দশ) লক্ষ টাকার অধিক মেয়াদী আমানত খোলায় ও বহাল রাখিতে এবং সঞ্চয়পত্রে বিনিয়োগের ক্ষেত্রে আয়কর রিটার্ন দাখিল।

সূত্র: আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ হতে গেজেট আকারে জুন ২, ২০২৫ খ্রি. তারিখ প্রকাশিত প্রজ্ঞাপন।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত প্রজ্ঞাপনটি পৃষ্ঠাঙ্কনপূর্বক (Endorse) অগ্রগামী করা হলো এবং প্রজ্ঞাপন মোতাবেক কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ ০১ (এক) প্রস্থ

Bangladesh Bank
Head Office, Dhaka.
Debt Management Department
Director (DMD)
20 JUL 2025
Additional Director-1. 2. 3. 4. 5
System Generated No- 2172

20/07/25

(মোঃ আমান উল্ল্যা)
সহকারী পরিচালক (পলিসি)
ফোনঃ-০২-৪১০৫২৪৬৬
ই-মেইলঃ adpolicy67@gmail.com

বিতরণ- (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল, ঢাকা।
[দৃষ্টি আকর্ষণ: পরিচালক, ডেট ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট (সঞ্চয়পত্র লেনদেনকারী সকল তপসিলি ব্যাংককে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ)]।

২। জাতীয় কর্মসূচি পরিচালক (অতিরিক্ত সচিব), স্ট্রেনদেনিং পাবলিক ফাইন্যান্সিয়াল ম্যানেজমেন্ট প্রোগ্রাম টু এনাবল সার্ভিস ডেলিভারি (SPFMS), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় (জাতীয় সঞ্চয় স্কিম অনলাইন ম্যানেজমেন্ট সিস্টেমে প্রয়োজনীয় সংশোধনী আনয়নের অনুরোধসহ)।

৩। মহাপরিচালক, ডাক অধিদপ্তর, আগারগাঁও, শেরে-ই-বাংলা নগর, ঢাকা-১২১৭ (সঞ্চয়পত্র লেনদেনকারী সকল ডাকঘরকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ)]।

৪। সিস্টেম এনালিস্ট, জাতীয় সঞ্চয় অধিদপ্তর (অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।

৫। উপপরিচালক, জাতীয় সঞ্চয় বিভাগীয় কার্যালয় (সকল)।

৬। সহকারী পরিচালক/সঞ্চয় অফিসার, জেলা সঞ্চয় অফিস/ব্যুরো/জাতীয় সঞ্চয় বিশেষ ব্যুরো, ..............................।

নং- ০৮.০৪.০০০০.০১২.৩১.০০৫.১৪. তারিখঃ ০৫ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ / ২০ জুলাই ২০২৫ খ্রিস্টাব্দ

অনুলিপি-সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। পরিচালক (সকল), জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকা।

২। সচিবের একান্ত সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৩। সচিবের একান্ত সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৪। উপপরিচালক (সকল), জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকা।

৫। সহকারী পরিচালক/সঞ্চয় অফিসার (সকল), জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকা।

৬। ব্যক্তিগত সহকারী, মহাপরিচালকের দপ্তর, জাতীয় সঞ্চয় অধিদপ্তর (মহাপরিচালক (গ্রেড-১) মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৭। অফিস নথি/মাস্টার কপি।

(মোঃ আমান উল্ল্যা)
সহকারী পরিচালক (পলিসি)

Scanned with CamScanner

| | |
|---|---|
| উপ-পরিচালক (প্রশাসন ও জনসংযোগ) | |
| উপ-পরিচালক (বাজেট, পরিকল্পনা এবং ক্যাশ) | |
| উপ-পরিচালক (নীতি, অডিট এবং আইন) | ✓ |
| উপ-পরিচালক (ব্যুরো এবং পরিসংখ্যান) | |
| পরিচালক (নীতি) | |

| | |
|---|---|
| পরিচালক (প্রশাসন ও জনসংযোগ) | |
| পরিচালক (বাজেট, পরিকল্পনা এবং ক্যাশ) | |
| পরিচালক (নীতি) | ✓ |
| পরিচালক (ব্যুরো, অডিট, আইন এবং পরিসংখ্যান) | |
| সিস্টেম এনালিস্ট (কম্পিউটার সেল) | |
| মহাপরিচালক | |

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জুন ২, ২০২৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ

মুদ্রণ ও প্রকাশনা শাখা

বিজ্ঞপ্তি

তারিখ: ১৯ জ্যৈষ্ঠ, ১৪৩২ বঙ্গাব্দ/ ০২ জুন, ২০২৫ খ্রিষ্টাব্দ।

নং ২৮ (মুঃ ও প্রঃ)।—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের রাষ্ট্রপতি কর্তৃক ১৯ জ্যৈষ্ঠ, ১৪৩২ বঙ্গাব্দ/ ০২ জুন, ২০২৫ খ্রিষ্টাব্দ তারিখে প্রণীত নিম্নে উল্লিখিত অধ্যাদেশটি এতদ্দ্বারা জনসাধারণের জ্ঞাতার্থে প্রকাশ করা হইল।

## অধ্যাদেশ নং ২৮, ২০২৫

## সরকারের আর্থিক প্রস্তাবাবলি কার্যকরকরণ এবং কতিপয় আইন সংশোধনকল্পে প্রণীত অধ্যাদেশ

যেহেতু সরকারের আর্থিক প্রস্তাবাবলি কার্যকরকরণ এবং নিম্নবর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকল্পে কতিপয় আইন সংশোধন করা সমীচীন ও প্রয়োজনীয়;

যেহেতু সংসদ ভাঙ্গিয়া যাওয়া অবস্থায় রহিয়াছে এবং রাষ্ট্রপতির নিকট ইহা সন্তোষজনকভাবে প্রতীয়মান হইয়াছে যে, আশু ব্যবস্থা গ্রহণের জন্য প্রয়োজনীয় পরিস্থিতি বিদ্যমান রহিয়াছে;

সেহেতু গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৯৩ (১) অনুচ্ছেদে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি নিম্নরূপ অধ্যাদেশ প্রণয়ন ও জারি করিলেন:—


মূল্য : ৯৬.০০

Scanned with CamScanner

**১১৭। ২০২৩ সনের ১২ নং আইনের ধারা ২৩২ এর সংশোধন।** উক্ত আইনের ধারা ২৩২ এর উপ-ধারা (১) এর দফা (ক) এ উল্লিখিত "অব্যবহারের" শব্দের পরিবর্তে "অপব্যবহারের" শব্দ প্রতিস্থাপিত হইবে।

**১১৮। ২০২৩ সনের ১২ নং আইনের ধারা ২৪৪ এর সংশোধন।**—উক্ত আইনের ধারা ২৪৪ এর উপ-ধারা (৪) এর পর নিম্নরূপ নূতন উপ-ধারা (৫) সংযোজিত হইবে, যথা:—

"(৫) এই আইনের অন্যান্য বিধানে যাহা কিছুই থাকুক না কেন, দ্বৈত কর পরিহার চুক্তি প্রাধান্য পাইবে।"।

**১১৯। ২০২৩ সনের ১২ নং আইনের ধারা ২৫৫ এর সংশোধন।**—উক্ত আইনের ধারা ২৫৫ এর উপ-ধারা (১) এ উল্লিখিত "উক্ত করের পরিমাণ কর" শব্দগুলির পরিবর্তে "উক্ত করের পরিমাণ" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

**১২০। ২০২৩ সনের ১২ নং আইনের ধারা ২৬০ এর সংশোধন।**—উক্ত আইনের ধারা ২৬০ এর—

(ক) উপ-ধারা (১) এ উল্লিখিত "কোনো বিমানবন্দরে" শব্দগুলির পর "বা বাংলাদেশের বাহিরের কোনো বিমানবন্দরে" শব্দগুলি সন্নিবেশিত হইবে;

(খ) উপ-ধারা (২) এর দফা (ক) এ উল্লিখিত "উক্ত" শব্দের পরিবর্তে "বাংলাদেশের কোনো" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

**১২১। ২০২৩ সনের ১২ নং আইনের ধারা ২৬৪ এর প্রতিস্থাপন।**—উক্ত আইনের ধারা ২৬৪ এর—

(ক) উপ-ধারা (৩) এর পরিবর্তে নিম্নরূপ উপ-ধারা (৩) প্রতিস্থাপিত হইবে, যথা:—

"(৩) নিম্নবর্ণিত ক্ষেত্রসমূহে "রিটার্ন দাখিলের প্রমাণ" দাখিল করিতে হইবে, যথা:—

১। ২০ (বিশ) লক্ষাধিক টাকার ঋণ গ্রহণে;

২। কোনো কোম্পানির পরিচালক বা স্পন্সর শেয়ারহোল্ডার হইতে হইলে;

৩। আমদানি নিবন্ধন সনদ বা রপ্তানি নিবন্ধন সনদ গ্রহণ অথবা নবায়ন করিতে;

৪। সিটি কর্পোরেশন বা পৌরসভা এলাকায় ট্রেড লাইসেন্স নবায়ন করিতে;

৫। সাধারণ বিমার তালিকাভুক্ত সার্ভেয়ার লাইসেন্স নবায়ন করিতে;

৬। সিটি কর্পোরেশন, পৌরসভা ও ক্যান্টনমেন্ট বোর্ড এলাকায় জমি, বিল্ডিং বা অ্যাপার্টমেন্ট বিক্রয় বা লিজ বা হস্তান্তর বা বায়নানামা বা আমমোক্তারনামা নিবন্ধন করিতে;

৭। চিকিৎসক, দন্ত চিকিৎসক, আইনজীবী, চার্টার্ড অ্যাকাউন্টেন্ট, কস্ট এন্ড ম্যানেজমেন্ট অ্যাকাউন্টেন্ট, চার্টার্ড সেক্রেটারি, আইনজীবী ও কর আইনজীবী, একচুয়ারি, প্রকৌশলী, স্থপতি, সার্ভেয়ার হিসাবে কোনো স্বীকৃত পেশাজীবী সংস্থার সদস্যপদ নবায়ন করিতে;

Scanned with CamScanner

৮। Muslim Marriages and Divorces (Registration) Act, 1974 (Act No. LII of 1974) এর অধীন নিকাহ্ রেজিস্ট্রার, হিন্দু বিবাহ নিবন্ধন আইন, ২০১২ (২০১২ সনের ৪০ নং আইন) এর অধীন হিন্দু বিবাহ নিবন্ধক ও Special Marriage Act, 1872 (Act No. III of 1872) এর অধীন রেজিস্ট্রার হিসাবে লাইসেন্স প্রাপ্তি অথবা নবায়ন করিতে;

৯। ট্রেডবডি বা কোনো বাণিজ্যিক সংগঠনের সদস্যপদ প্রাপ্তি অথবা নবায়ন করিতে;

১০। স্ট্যাম্প, কোর্ট ফি ও কার্টিজ পেপারের ভেন্ডর বা দলিল লেখক হিসাবে লাইসেন্স নবায়নে;

১১। ড্রাগ লাইসেন্স, ফায়ার লাইসেন্স, পরিবেশ ছাড়পত্র, বিএসটিআই লাইসেন্স, বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্স, কাস্টমস এজেন্ট লাইসেন্স, ফ্রেইট ফরওয়ার্ডিং লাইসেন্স ও বায়িং হাউজ নিবন্ধন গ্রহণ ও নবায়নে;

১২। যেকোনো এলাকায় গ্যাসের বাণিজ্যিক ও শিল্প সংযোগ প্রাপ্তি ও বহাল রাখিতে;

১৩। সিটি কর্পোরেশন এলাকায় আবাসিক গ্যাস সংযোগ প্রাপ্তিতে;

১৪। সিটি কর্পোরেশন বা ক্যান্টনমেন্ট বোর্ড এলাকায় বিদ্যুৎ সংযোগ প্রাপ্তিতে;

১৫। লঞ্চ, স্টিমার, মাছ ধরার ট্রলার, কার্গো, কোস্টার, ডাম্ব-বার্জসহ যেকোনো প্রকারের ভাড়ায় চালিত নৌযানের সার্ভে সার্টিফিকেট গ্রহণ ও নবায়নে;

১৬। পরিবেশ অধিদপ্তর বা জেলা প্রশাসকের কার্যালয় হইতে ইট উৎপাদনের অনুমতি গ্রহণ ও নবায়নে;

১৭। সিটি কর্পোরেশন, জেলা সদর বা পৌরসভায় অবস্থিত ইংরেজি মাধ্যম স্কুলে শিশু বা পোষ্য ভর্তিতে;

১৮। কোম্পানির এজেন্সী বা ডিস্ট্রিবিউটরশিপ গ্রহণে ও নবায়নে;

১৯। আগ্নেয়াস্ত্রের লাইসেন্স গ্রহণে ও নবায়নে;

২০। আমদানির উদ্দেশ্যে ঋণপত্র খোলায়;

২১। ১০ (দশ) লক্ষাধিক টাকার মেয়াদী আমানত খোলায় ও বহাল রাখিতে;

২২। ১০ (দশ) লক্ষাধিক টাকার সঞ্চয়পত্র ক্রয়ে;

২৩। পৌরসভা, উপজেলা, জেলা পরিষদ, সিটি কর্পোরেশন বা জাতীয় সংসদ নির্বাচনে অংশগ্রহণে;

২৪। ব্যবস্থাপনা বা প্রশাসনিক বা উৎপাদন কার্যক্রমের তত্ত্বাবধানকারী পদমর্যাদায় কর্মরত ব্যক্তির বেতন-ভাতাদি প্রাপ্তিতে;

Scanned with CamScanner